



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

০৩ সেপ্টেম্বর, ২০১৬

প্রেসবিজ্ঞপ্তি

‘সামাজিক গৃহায়ন’ ধারণার আওতায় সরকারি ও বেসরকারি গৃহায়ন কর্তৃপক্ষ শহরের দরিদ্র, বস্তিবাসী ও গৃহহীনদের আবাসনের ব্যবস্থা করা প্রয়োজন

আজ ০৩ সেপ্টেম্বর, ২০১৬ বাসস্থানের অধিকার বিষয়ক একটি সেমিনার বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) আয়োজন করে। সেমিনারে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মার্গারেট ও’ব্রায়েন। তিনি যুক্তরাজ্যের স্থানীয় সরকারের অধীনে আবাসন কর্তৃপক্ষের পরিচালক হিসেবে লন্ডনে দরিদ্র ও গৃহহীনদের বাসস্থানের অধিকার বিষয়ক অভিজ্ঞতার কথা ব্যক্ত করেন।

যুক্তরাজ্যের এ অভিজ্ঞতার আলোকে বাংলাদেশের প্রচলিত ব্যবস্থার মধ্যে বাসস্থানের অধিকারকে আইনি কাঠামোর আওতায় আনা যায় এবং এক্ষেত্রে বেসরকারী সংস্থাগুলো কি ভূমিকা রাখতে পারে সে বিষয়েও আলোচনা হয় সেমিনারে। সেমিনারে বক্তারা আবাসন নীতি এবং ভূমি ব্যবহার নীতি প্রণয়নের উপর গুরুত্বারোপ করেন।

মার্গারেট ও’ব্রায়েন তার অভিজ্ঞতা তুলে ধরেন এবং বলেন যে, যুক্তরাজ্যে গৃহায়ন আইন, ১৯৯৬ এবং গৃহহীনতা আইন, ২০০২-এর মাধ্যমে বাসস্থানের অধিকার নিয়ন্ত্রিত হয়। সরকারী ও বেসরকারী ব্যবস্থাপনায় দরিদ্র ও গৃহহীনদের আবাসনের ব্যবস্থা করা করা হয়ে থাকে। সেখানকার স্থানীয় সরকার নির্ধারণ করেন যে, কোন কোন ব্যক্তি আবাসন সুবিধার আওতায় আসবে। তবে বর্তমানে এখন আবাসন এর চাহিদা অনুযায়ী প্রদত্ত সুবিধা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। গৃহহীনদের অধিকার সুরক্ষায় বিভিন্ন কৌশল গ্রহণ করা হচ্ছে, তারমধ্যে অন্যতম হচ্ছে ডেভলপার কোন প্রকল্প গ্রহণ করলে তার একটি নির্দিষ্ট অংশ সামাজিক বাসস্থান হিসেবে দরিদ্র জনগণের জন্য তৈরী করতে হবে।

সেমিনারে অন্যান্যদের মধ্যে প্রতিদিনের সংবাদ পত্রিকার সম্পাদক আবু সাইদ খান, নাগরিক উদ্যোগের প্রধান নির্বাহী জাকির হোসেন, ব্রাকের নগর উন্নয়ন কর্মসূচির ম্যানেজার সাইফ ইকবাল এবং ব্লাস্টের এস এম রেজাউল করিম মো. মোস্তফা জামিল, মোঃ তাজুল ইসলাম।

ব্লাস্টের অনারারী নির্বাহী পরিচালক ব্যরিস্টার সারা হোসেন সেমিনারটি সঞ্চালন করেন। সেমিনারে আরও উপস্থিত ছিলেন এএলআরডি, সেইলস, আইন ও সালিস কেন্দ্রের প্রতিনিধিবৃন্দ।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd